

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৭৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৭. ঘরে সালাত আদায়ের পর পুনরায় জামা আতে আদায় করা

باب فِيمَنْ صَلَّى فِي مَنْزِلِهِ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ يُصَلِّي مَعَهُمْ

আরবী

حَدَّ تَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، قَالَ قَرَأْتُ عَلَى ابْنِ وَهْبِ قَالَ أَحْبَرَنِي عَمْرُو، عَنْ بُكَيْرٍ، أَنَّهُ سَمِعَ عَفِيفَ بْنَ عَمْرِو بْنِ الْمُسَيَّبِ، يَقُولُ حَدَّتَنِي رَجُلُ، مِنْ بَنِي أَسَدِ بْنِ خُزَيْمَةَ أَنَّهُ سَمَّعَ عَفِيفَ بْنَ عَمْرِو بْنِ الْمُسَيَّبِ، يَقُولُ حَدَّنَا فِي مَنْزِلِهِ الصَّلَاةَ ثُمَّ يَأْتِي الْمَسْجِدَ وَتُقَامُ الصَّلَاةُ فَأُ مَالِي أَحَدُنا فِي مَنْزِلِهِ الصَّلَاةَ ثُمَّ يَأْتِي الْمَسْجِدَ وَتُقَامُ الصَّلَاةُ فَأُصلِي مَعَهُمْ فَأَجِدُ فِي نَفْسِي مِنْ ذَلِكَ شَيْئًا . فَقَالَ أَبُو أَيُّوبَ سَأَلْنَا عَنْ ذَلِكَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ " ذَلِكَ لَهُ سَهْمُ جَمْعِ " .

_ ضعيف: المشكاة ١١٥٤

বাংলা

৫৭৮। বানু আসাদ ইবনু খুযাইমার জনৈক ব্যক্তি সূত্রে বর্ণিত। তিনি আবূ আইয়ূব আল-আনসারী (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলেন, আমাদের কেউ বাড়িতে সালাত আদায়ের পর মসজিদে এসে সেখানে সালাতের জামা'আত হতে দেখলে আমি তাদের সাথে সালাত আদায় করব কিনা এ ব্যাপারে আমার মনে একটা খটকা অনুভব করি। আবূ আইয়ূব (রাঃ) বললেন, এ ব্যাপারে আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলে তিনি বলেছিলেনঃ (জামা'আতে শরীক হলে) তার জন্যও এর সাওয়াবের অংশ রয়েছে।[1]

দুর্বল : মিশকাত ১১৫৪।

English

A man from Banu Asad b. Khuzaimah asked Abu Ayyub al-Ansari: if one of us prays in his house, then comes to the mosque and finds that the iqamah is being called, and if I pray along with them (in congregation), I feel



something inside about it. Abu Ayyub replied: We asked the Prophet (ﷺ) about it. He said: That is a share from the spoils received by the warriors (i.e. he will receive double the reward of the prayer).

ফুটনোট

[1] মালিক (১/১১) মাওকৃফভাবে, বায়হাকী 'সুনানুল কুবরা' (২/৩০০)। এর সনদে দু' জন অজ্ঞাত ব্যক্তি আছে। একজন বানূ আসাদের জনৈক ব্যক্তি। আর একজন আফিফ ইবনু আমর ইবনুল মুসাইয়্যিব সাহশী। হাফিয বলেন, মাকবুল। যা জাহালাতের একটি স্তর বিশিষ্ট।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন